



## পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেড ক্রিসেট বোরাক টাওয়ার (লেভেল-৮)  
৩৭/৩/এ, ইঙ্কাটন গার্ডেন রোড  
ঢাকা-১০০০

[www.pallisanchaybank.gov.bd](http://www.pallisanchaybank.gov.bd)

নং পসব্য/প্রকা/পরি-৪০/ ২০২২-২৩/ ৪৬৮

তারিখ: ২১/০৭/২০২২ খ্রি।

১। জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

পল্লী সঞ্চয় ব্যাংক, সকল জেলা।

২। শাখা ব্যবস্থাপক

পল্লী সঞ্চয় ব্যাংক, সকল শাখা।

**বিষয়: বর্নাত্যদের সাহায্যার্থে মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে অত্র ব্যাংকের কর্মকর্তা/কর্মচারিদের ১(এক) দিনের মূল<sup>বেতন প্রদান প্রসঙ্গে।</sup>**

প্রিয় মহোদয়,

সম্প্রতিকালে দেশের উত্তর পূর্বাঞ্চলের সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জসহ দেশের বিভিন্ন জেলায় ভয়াবহ বন্যায় উক্ত এলাকার জনগণের বাড়ি-ঘর, সহায় সম্পদ, গবাদি পশু ইত্যাদির বিপুল ক্ষতি সাধিত হয়েছে। বিগত ১০০ বছরেও এ সকল এলাকায় এ ধরণের বন্যা হয়নি মর্মে পত্রিকায় খবর প্রকাশিত হয়েছে। বন্যায় ক্ষতিগ্রস্ত অসহায় জনগণ মানবের জীবন যাপন করছেন। সচেতন নাগরিক হিসেবে পল্লী সঞ্চয় ব্যাংকে কর্মরত কর্মকর্তা-কর্মচারিগণেরও এহেন পরিস্থিতিতে বন্যায় ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠির সাহায্যার্থে এগিয়ে আসা প্রয়োজন। এ প্রেক্ষিতে সামাজিক দায়বদ্ধতা থেকে ব্যাংকের কর্মকর্তা-কর্মচারিদের ০১ (এক) দিনের মূল বেতনের সম্পরিমাণ টাকা বন্যায় ক্ষতিগ্রস্তদের সাহায্যার্থে মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ ও কন্যাণ তহবিলে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এমতাবস্থায়, পল্লী সঞ্চয় ব্যাংকের কর্মকর্তা-কর্মচারিদের জুলাই, ২০২২ মাসের বেতন হতে ১ দিনের মূল বেতন কর্তৃণ করে বেতনের বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকায় কর্মরত কর্মকর্তা-কর্মচারির ব্যতীত ) প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য আপনাদেরকে অনুরোধ করা হলো।

০২। শাখার কর্মকর্তা-কর্মচারীদের জুলাই, ২০২২ মাসের বেতন হতে ১ (এক) দিনের মূল বেতন কর্তৃণ করে শাখার ১১০০১০০৭ কোডে ক্রেডিট করতে হবে। একইভাবে জেলা কার্যালয়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের বেতন হতেও ১ (এক) দিনের মূল বেতন কর্তৃণ করে যে শাখা হতে বেতন উত্তোলন করা হয় সেই শাখার উক্ত কোডে ক্রেডিট করতে হবে। পরবর্তীতে যথানিয়মে সোনালী ব্যাংক হতে উক্ত টাকা প্রধান কার্যালয়ের নামে সোনালী ব্যাংক লিমিটেড, মগবাজার শাখায় পরিচালিত চলতি হিসাব নং ০১৯৮০২০০১১০২ এ প্রেরণপূর্বক ইতোপূর্বে প্রধান কার্যালয়ে টাকা প্রেরণের ন্যায় পোস্টিং প্রদান করতে হবে। যে সকল শাখার হিসাব অন্য ব্যাংকে (জনতা, বৃপালী, অগ্রণী ব্যাংক) পরিচালিত হচ্ছে ঐ সকল শাখাকে উক্ত ব্যাংক হিসাব হতে টাকা প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে (জনতা, বৃপালী, অগ্রণী ব্যাংক) প্রেরণ করতে হবে। এতদবিষয়ে প্রয়োজনে কল সেন্টার (০৯৬৬৭১১৪২২/১৬৬৫৪) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। বিষয়টি বেতন প্রদানকারী কর্মকর্তাকে নিশ্চিত করতে হবে। অন্যথায় তিনি ব্যক্তিগতভাবে দায়ি থাকবেন।

অনুমোদনক্রমে

আপনার বিশ্বাস

(মোঃ ইসমাইল মিয়া)

সহকারী মহাব্যবস্থাপক

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ১) চেয়ারম্যান মহোদয়ের স্টাফ অফিসার, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২) ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩) মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪) হিসাব বিভাগ, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫) নথি।